**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩২
২২ জুলাই ২০২৫

# বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর্পোরেশনের সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইএএমসিএল) এর ২০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত ৫ম বিশেষ সাধারণ সভায় (ইজিএম) শেয়ারহোল্ডারগণের সম্মতি এবং পরবর্তীতে রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ্ অ্যান্ড ফার্মস্ (আরজেএসসি) এর অনুমোদনের প্রেক্ষিতে আলোচ্য কোম্পানির নাম, অনুমোদিত মূলধন এবং সাধারণ শেয়ারের অভিহিত মূল্য নিম্নোক্তভাবে পরিবর্তিত হয়েছে:

| **বিষয়** | **বিদ্যমান** | **পরিবর্তিত** |
|---|---|---|
| কোম্পানির নাম | আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড | আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট পিএলসি. |
| অনুমোদিত মূলধন | ১০০.০০ (একশত) কোটি টাকা | ৩০০.০০ (তিনশত) কোটি টাকা |
| সাধারণ শেয়ারের অভিহিত মূল্য | ১০০.০০ (একশত) টাকা | ১০.০০ (দশ) টাকা |

০২। উল্লেখ্য, কোম্পানির নাম পরিবর্তনের বিষয়টি ১৭ মে ২০২৫ তারিখ থেকে কার্যকর হয়েছে। কোম্পানির নাম পরিবর্তিত হলেও এর কার্যক্রম, রেজিস্ট্রেশন নম্বর ও দাপ্তরিক ঠিকানা অপরিবর্তিত রয়েছে। ভবিষ্যতে উক্ত কোম্পানির সাথে সকল প্রকার যোগাযোগ, চুক্তি, আর্থিক লেনদেন ও প্রশাসনিকসহ অন্যান্য সকল কার্যক্রমে **"আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট পিএলসি."** নাম ব্যবহার করার জন্য কর্পোরেশনের সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ ইউনিট/সেল/উইং/শাখা- কে অনুরোধ জানানো হলো।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

**(মোঃ মারুফ বিল্লাহ)**
সহকারী মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।